উপজেলা পরিষদ
কাহালু, বগুড়া।

উপজেলা পরিষদ কাহালু এর জুলাই/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ আল্ হাসিবুল হাসান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাহালু, বগুড়া।

সভার তারিখ ঃ ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, কাহালু।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলোঃ

সভাপতি সভায় উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়াকে অনুরোধ জানান। তিনি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন।

০২। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন ঃ

সভায় গত ০৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

০৩। বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ

| ক্রঃ নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, কাহালু সভায় জানান কাহালু উপজেলায় গত জুন ২০২৩ মাসে বহিঃ বিভাগে ৭৯৭৮, আন্তঃ বিভাগে ৪৯৬ জন, জরুরী বিভাগে ১২৪১ জন, ০৪ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ৮৯৬৪ জন, ২৭ টি কমিউনিটি ক্লিনিকে- ২৬৯৫২ জন, স্বাভাবিক ডেলিভেরী ১৭ জন, এক্সরে রোগীর সংখ্যা ০০ জন, আল্ট্রাসনোগ্রাম ৩৮ জন, ইসিজি রোগীর সংখ্যা ৩১ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা- ১৯৬ জন, মল- ২৩, মূত্র- ১০৭, রক্তের রুটিন ৩৩২, রক্তের গ্রুপ ৭৯, রক্তের সুগার ১৬৯, ভেডাল টেস্ট ৯৬, প্রগেনেনসী টেস্ট- ৮৯ এবং ৪০৬ জনের কফ পরীক্ষা করে ৪২ জনকে যক্ষার চিকিৎসার আওতায় আনা হয়েছে। এছাড়াও ইপিআই এর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ জনসাধারণকে যথাযথভাবে স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কাহালু,বগুড়া। |
| ০২ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ বছর এ উপজেলায় বর্তমানে সারের মজুদ পরিস্থিতি ইউরিয়া- ২৫০ মেঃ টন, টিএসপি- ৪৯ মেঃ টন, এমওপি- ১০৩ মেঃ টন এবং ডিএপি ১১৫ মেঃ টন। এছাড়াও ইউরিয়া সার বস্তা প্রতি ১৩৫০ টাকা টিএসপি- ১৩৫০ টাকা, এমওপি ১০০০ টাকা এবং ডিএপি ১০৫০ টাকা হিসেবে বাজারে বিক্রয় হচ্ছে। এ উপজেলায় বোরো আউশ ধান রোপন হয়েছে ১৫২ হেক্টর, শাকসবজী ৩৮০ হেঃ, ভার্মি কম্পোস্ট ০৩টি, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে ধান বীজ উৎপাদন প্রদর্শনী আউশ-০১টি, আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে ধান বীজ উৎপাদন প্রদর্শনী রোপা আমন-০৮টি, বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে কাহালু-বিবিরপুকুর সড়কে ৪০০ (চারশত)টি তাল গাছের চারা রোপন করা হয়েছে। | ১) মাঠে ফসলের ফলন ভাল পাওয়ার জন্য উন্নতমানের বীজ সরবরাহ ও সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br>২) সারের সরবরাহ সাপেক্ষে সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, কাহালু,বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার কাহালু সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন বাবদ সরকারি কোষাগারে মোট ৮,৩৭,০৭০/- টাকা এবং খামার রেজিঃ ও নবায়ন বাবদ মোট ৫০,০০০/- টাকা জমা করা হয়েছে। এছাড়াও জুন ২০২৩ মাসে কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন বাবদ সরকারি কোষাগারে মোট ১,৩৪,১০০/- টাকা জমা করা হয়েছে। বর্তমান ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কাহালু, বগুড়া এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত সকল কার্যক্রম সঠিকভাবে পরিচালিত করা হচ্ছে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসটি সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ গোবাদি পশুসহ খামারীদেরকে পশুপালন বিষয়ে সু-পরামর্শ প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রা সম্পদ অফিসা. কাহালু, বগুড়া |
| ০৪ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কাহালু, বগুড়া |
| ০৫ | উপজেলা প্রকৌশলী | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি'র অর্থায়নে কাহালু উপজেলায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ প্রাক্কলন অনুযায়ী সম্পন্ন হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাহালু উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প এডিপি'র অর্থ দ্বারা পরিশোধের নিমিত্ত সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, কাহালু |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে তদারকি করণসহ শিক্ষার মান উন্নয়নের কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহালু |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | প্রাথমিক পর্যায়ের শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, কাহালু |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাহালু সভায় জানান যে, বর্তমান মাসে ২০৩ জন সদস্যদের মধ্যে ৬২.৬৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ মাসে ঋণ আদায়ের পরিমাণ ৩০.৯১ লক্ষ টাকা। বিভিন্ন ট্রেড্রে ৯২ জন সদস্যকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। অপ্রধান শস্য কর্মসূচীতে ৬টি ভার্মিকম্পোষ্ট প্রদর্শনী প্লট বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | তার দপ্তরের বিভিন্ন খাতে বিতরণকৃত ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাহালু |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, গত জুন ২০২৩ মাসে এ উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা- ৫৫০৩০ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারির সংখ্যা- ৪৫৩৭৭ জন এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারির হার- ৮২.৪৫%। খাবার বড়ি- ২৩৫৫৫ জন, কনডম- ৪৭৯৯ জন, ইনজেকটেবল (ডিপো প্রভেরা)- ৬১২০ জন, আইইউডি (কপারটি)- ৮২৩ জন, ইমপ্লান্ট- ৩৭২৮ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৩২৪৩ জন ও স্থায়ী পদ্ধতি (মহিলা)- ৩৩০৯ জন। এছাড়াও কাহালু উপজেলায় গর্ভবতি মহিলার সংখ্যা ১৭৩০ জন, গর্ভবতি মায়ের যত্ন নেয়া হয়েছে ৭৫৭ জন, জীবিত জন্মের সংখ্যা ২৯০ জন। মোট সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৩৪৬৬ জন। প্রতিমাসে ২৭ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে গ্রাম পর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। ২৪ টি কমিউনিটি ক্লিনিকে পরিবার পরিকল্পনা স্বাস্থ্য এমসিএইচ-এফপি সেবা প্রদান করা হচ্ছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রম সুষ্ঠুভাবে করতে হবে। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কাহালু বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কাহালু সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরে তার দপ্তরের মাধ্যমে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ছিল ৪২০ জন। বর্তমানে জুলাই ২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত মোট ৮৩২৩ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে এর মধ্যে ১১৯৩ জনকে মোট ৩,২২,৬৩,০০০/- (তিন কৌটি বাইশ লক্ষ তেষট্টি হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫.৭৮%। | ১) ঋণ আদায় জোরদার করতে হবে।<br>২) যুবদের প্রশিক্ষণ যথাযথভাবে প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাহালু, বগুড়া। |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সমবায় বিভাগের বিভিন্ন ঋণদান সমবায় সমিতিসহ অন্যান্য সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, কাহালু |
| ১৩ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কাহালু |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাহালু |
| ১৫ | ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | ত্রাণ বিভাগের বিভিন্ন প্রকল্পের কাজ তদারকিকরণসহ সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহালু |
| ১৬ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | খাদ্য বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কাহালু |
| ১৭ | তথ্যআপা বিভাগ | উপজেলা তথ্য অফিসার, কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | তথ্য বিভাগের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে করতে হবে। | উপজেলা তথ্য অফিসার, কাহালু |
| ১৮ | ফরেস্টার | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা কাহালু সভায় জানান যে, তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নাই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | বন বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠভাবে তদারকি করতে হবে। | ফরেস্টার, বন বিভাগ, কাহালু, বগুড়া |
| ১৯ | তাঁতবোর্ড | লিয়াজো অফিসার, তাঁতবোর্ড কাহালু সভায় জানান যে তার বিভাগে বর্তমানে কোন সমস্যা নেই এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | কাহালু উপজেলার তাঁতীদের কার্যক্রম তদারকিকরণসহ তাদেরকে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | লিয়াজো অফিসার, তাঁতবোর্ড, কাহালু |
| ০৪ | বিবিধ আলোচনা (০১) | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে নিম্নলিখিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহ উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক সুপারিশ করা হয়েছে। উক্ত উপ-প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় এবং সুপারিশকৃত উপ-প্রকল্পগুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।<br>**উপ-প্রকল্পের নাম**<br>কাহালু টেকনিক্যাল এন্ড কমার্স কলেজ ও লোহাজাল দাখিল মাদ্রাসায় শ্রেণিকক্ষ নির্মাণ করণ প্রকল্প<br>নারহট্ট ইউনিয়নের দরগাহাট ও বীরকেদার ইউনিয়নের কাজীপাড়ায় যাত্রী ছাউনী নির্মাণ করণ প্রকল্প<br>নারহট্ট ইউনিয়নের কল্যাণপুর বাজারে পাবলিক টয়লেট ও কসাই খানা নির্মাণ করণ প্রকল্প | উপজেলা প্রকল্প যাচাই বাছাই কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্প অনুমোদন ও বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ কাহালু<br><br>উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়া<br><br>উপজেলা প্রকৌশলী, কাহালু, বগুড়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ আলোচনা (০২) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় ১০টি সিকিউরিটি লাইট ও ০৪টি সিসি ক্যামেরা স্থাপনের নিমিত্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার একটি পিআইসি প্রকল্প অনুমোদনের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক এলাকায় ১০টি সিকিউরিটি লাইট ও ০৪টি সিসি ক্যামেরা স্থাপনের নিমিত্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার একটি পিআইসি প্রকল্প অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০৩) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকায় নিরাপত্তার স্বার্থে বিকেল ৪.০০ টার পর হতে কোয়াটারের উত্তর পার্শ্বের গেটটি বন্ধ করার জন্য সকল সদস্য মতামত ব্যক্ত করেন। উক্ত বক্তব্যের সাথে সকলে একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আবাসিক এলাকায় নিরাপত্তার স্বার্থে বিকেল ৪.০০ টার পর হতে কোয়াটারের উত্তর পার্শ্বের গেটটি বন্ধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০৪) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য নিম্নোক্ত প্রকল্পের মাধ্যমে সর্বমোট ৩,৬০,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।<br>১। উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার মেরামত ও সংস্কার কারণ বাবদ ২,০০,০০০/- টাকা।<br>২। উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটার রং করণ কারণ বাবদ ১,৬০,০০০/- টাকা।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পের কাজ করার জন্য অনুমোদনের বিষয়ে একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ০২টি প্রকল্পের অনুকূলে সর্বমোট ৩,৬০,০০০/- টাকার মধ্যে কাজ সম্পন্ন করার জন্য অনুমোদনপূর্বক পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০৫) | উপজেলা কৃষি অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্ত্বরে নির্বাচন অফিসের দক্ষিণপার্শ্বে ফাঁকা জায়গায় মাটি দ্বারা ভরাট করা হয়েছে। উক্ত স্থানে জঙ্গল পরিষ্কারসহ ভরাটকৃত মাটি দ্রুত লেভেল করে কৃষি বাগান তৈরীর প্রস্তাব উপস্থাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্ত্বরে নির্বাচন অফিসের দক্ষিণপার্শ্বে ফাঁকা জায়গার জঙ্গল ও ভরাটকৃত মাটি দ্রুত লেভেল করণপূর্বক কৃষি বাগান তৈরীর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহালু, বগুড়া। |
| | বিবিধ আলোচনা (০৬) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক কোয়াটারে অফিসের কার্যক্রম পরিচালনা হওয়ায় বিভিন্ন জনসাধারণের সমাগম লক্ষ্য করা যাচ্ছে। এছাড়াও বিভিন্ন জনসাধারণের সমাগম থাকার কারণে মডেল মসজিদে ও আবাসিক কোয়াটারের একটি বাসায় চুরি হয়েছে। সে লক্ষ্যে আবাসিক কোয়াটারের অফিসসমূহ পুরাতন অফিস ভবনে স্থানান্তর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে আবাসিক কোয়াটারের নিরাপত্তার নিমিত্ত কোয়াটারে অবস্থিত সকল অফিসসমূহ পুরাতন অফিস ভবনে স্থানান্তর করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| | বিবিধ আলোচনা (০৭) | উপজেলা প্রকৌশলী কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের সামনের রাস্তা নষ্ট হওয়ায় চলাচলে সমস্যার সৃষ্টি হচ্ছে। সে লক্ষ্যে উক্ত রাস্তাটি দ্রুত মেরামতসহ সংস্কার করার নিমিত্ত সভায় আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের সামনের রাস্তাটি দ্রুত মেরামতসহ সংস্কার করার জন্য মেয়র, কাহালু পৌরসভাকে অনুরোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | মেয়র, কাহালু পৌরসভা, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (০৮) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের সামনে আগাছা/আবর্জনার কারণে ডেঙ্গু মশার জন্ম হওয়ার সম্ভাবনা রয়েছে। সে লক্ষ্যে সকল দপ্তরের সামনে নিজ নিজ উদ্যোগে আবর্জনাসহ জঙ্গল পরিষ্কার করার জন্য সভায় আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের সামনে জঙ্গলসহ বিভিন্ন ধরনের আবর্জনা নিজ নিজ উদ্যোগে পরিষ্কার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধাণগন। |
| | বিবিধ আলোচনা (০৯) | উপজেলা সমবায় অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্ত্বরে অবস্থিত যে সকল দপ্তরে নৈশ্য প্রহরী রয়েছে সে সকল দপ্তরের নৈশ্য প্রহরীগণ রাতে অফিস থেকে সঠিকভাবে দায়িত্ব পালন করছে না মর্মে সভায় জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল দপ্তরে নৈশ্য প্রহরী রয়েছে সে সকল দপ্তরের নৈশ্য প্রহরীগণ রাতে অফিস থেকে সঠিকভাবে দায়িত্ব পালন পালনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | উপজেলা সমবায় অফিসার, কাহালু, বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ আলোচনা (১০) | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কাহালু সভায় জানান যে, কাহালু উপজেলার বিভিন্ন এলাকায় গোবাদি পশুর লাম্পি স্কিন ডিজিজ নামে একটি রোগ দেখা দিয়েছে। উক্ত রোগ থেকে মুক্তি পাওয়ার নিমিত্ত প্রতিটি খামারীসহ সাধারণ কৃষকদের নিয়ে উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা বাড়ানোর জন্য সভায় মতামত ব্যক্ত করেন। | সভায় বিস্তারিত আলোচান্তে গোবাদি পশুর লাম্পি স্কিন ডিজিজ নামে একটি রোগ দেখা দিয়েছে। উক্ত রোগ থেকে মুক্তি পাওয়ার নিমিত্ত প্রতিটি খামারীসহ সাধারণ কৃষকদের নিয়ে উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা বাড়ানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (১১) | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু সভায় জানান যে, এডিপি'র অর্থ হতে ইউপি চেয়ারম্যান ও সচিবদের ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | সভায় বিস্তারিত আলোচান্তে এডিপি'র অর্থ হতে ইউপি চেয়ারম্যান ও সচিবদের ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (১২) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদ সভাকক্ষে বিভিন্ন ধরনের সভা/সেমিনার অনুষ্ঠিত হয়ে থাকে। উক্ত সেমিনার/অনুষ্ঠানে ডেলিগেট সিস্টেম মাইক্রোফোন কম হওয়ায় বক্তব্য প্রদানে খুবই সমস্যার সৃষ্টি হচ্ছে। সে লক্ষ্যে উপজেলা পরিষদ সভাকক্ষে নতুনভাবে আরও ০৪টি ডেলিগেট সিস্টেম মাইক্রোফোন ক্রয়ের জন্য সভায় আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ সভাকক্ষে নতুনভাবে আরও ০৪টি ডেলিগেট সিস্টেম মাইক্রোফোন ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (১৩) | উপজেলা কৃষি অফিসার, কাহালু সভায় জানান যে, কাহালু উপজেলায় অনেক গরীব কৃষকগণ ধানসহ বিভিন্ন ধরনের ফসল চাষাবাদ করে থাকে। উক্ত চাষীদের মাঝে যদি চার্জার স্প্রে মেশিন সরবরাহ করা হয় তাহলে কৃষকগণ খুবই উপকৃত হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাহালু উপজেলায় গরীব কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহালু, বগুড়া |
| | বিবিধ আলোচনা (১৪) | উপজেলা প্রকৌশলী, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা উপজেলা পরিষদের পুকুরে গাইড ওয়াল ও ঘাটলা নির্মাণ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরিশিষ্ট "খ" অনুযায়ী প্রকল্প ও প্রকল্প কমিটি চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুকুরে গাইড ওয়াল ও ঘাটলা নির্মাণ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থ হতে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে পরিশিষ্ট 'খ' চূড়ান্ত অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী কাহালু, বগুড়া। |
| | বিবিধ আলোচনা (১৫) | চেয়ারম্যান উপজেলা পরিষদ কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের পানির লাইন মেরামতসহ স্থাপন করা জরুরী প্রয়োজন। উক্ত পানির লাইন মেরামতসহ স্থাপন করতে প্রায় ২,০০,০০০/- টাকা প্রয়োজন। উক্ত কাজটি কোটেশনের মাধ্যমে যাচাই বাছাই অন্তে নিম্নোক্ত কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।<br>১। উপজেলা সমবায় অফিসার, কাহালু — আহ্বায়ক<br>২। সহকারী প্রোগামার, কাহালু — সদস্য<br>৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কাহালু — সদস্য | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পানির লাইন যাচাই বাছাই অন্তে কোটেশনের মাধ্যমে মেরামতসহ স্থাপনের কাজ সম্পন্ন করণপূর্বক উপজেলা রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহালু |
| | বিবিধ আলোচনা (১৬) | চেয়ারম্যান উপজেলা পরিষদ কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন আসবাবপত্র পুরাতন হওয়ায় অফিসের কার্যক্রম পরিচলনা করা খুবই সমস্যা হচ্ছে। সে লক্ষ্যে উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় করতে ১,০০,০০০/- টাকা প্রয়োজন। উক্ত ক্রয়ের কাজটি কোটেশনের মাধ্যমে যাচাই বাছাই অন্তে নিম্নোক্ত কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।<br>১। সহকারী প্রোগ্রামার, কাহালু — আহ্বায়ক<br>২। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কাহালু — সদস্য<br>৩। উপজেলা সমবায় অফিসার, কাহালু — সদস্য | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের আসবাবপত্র যাচাই বাছাই অন্তে কোটেশনের মাধ্যমে ক্রয়ের কাজ সম্পন্ন করণপূর্বক উপজেলা রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, কাহালু |
| | বিবিধ আলোচনা (১৭) | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু সভায় জানান যে, উপজেলা পরিষদে ক্রোকারিজ সামগ্রী না থাকায় বিভিন্ন অনুষ্ঠানে নাস্তা ও আপ্যায়ন করতে বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়ে থাকে। সে লক্ষ্যে উপজেলা পরিষদে ক্রোকারিজ ক্রয় বাবদ ৫০,০০০/- টাকার প্রয়োজন হতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। উক্ত ক্রোকারিজসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ভাউচারের মাধ্যমে ক্রয় করার নিমিত্ত পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে ক্রোকারিজ পৃথক পৃথক ভাউচারের মাধ্যমে (২৫০০০X২) ৫০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু বগুড়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | বিবিধ আলোচনা (১৮) | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জুন ২০২৩ মাসের আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয়- ৩৫,০০০/- টাকা, স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/- টাকা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জুলিও কুরি পুরস্কার উদযাপন ব্যয় বাবদ ২৫,০০০/- টাকা, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অর্নারবোর্ড বাবদ ১৯,০০০/- টাকা, অগ্নিকান্ডের জন্য অপ্রত্যাশিত খাত হতে ব্যয় বাবদ ১,৩৫,০০০/- টাকা, পবিত্র ঈদ-উল ফিতর ২০২৩ উপলক্ষ্যে উপজেলা মডেল মসজিদে নামাজ আদায় সংক্রান্ত ব্যয় বাবদ ১৮,৫০০/- টাকা, মডেল মসজিদের ট্যাপ ফিটিং চার্জ বাবদ ১১,২০০/- টাকা, উপজেলা পরিষদের ড্রেন ও জঙ্গল পরিষ্কার বাবদ ৭০,০০০/- টাকা এবং আনুষাঙ্গিক ব্যয় বাবদ ২,১৪০/- টাকা। উক্ত ব্যয়সমূহ অনুমোদনের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। উক্ত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনাক্রমে উক্ত ব্যয়সমূহ উপজেলা রাজস্ব তহবিল হতে ভূতাপেক্ষ অনুমোদনপূর্বক পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কাহালু বগুড়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬-০৭-২৩

(আল্ হাসিবুল হাসান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহালু, বগুড়া।
(kahaloo.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৬.০০১.২০২৩- ৭২৮ (৫০)

তারিখ ঃ ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, বগুড়া।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
৫। মেয়র, কাহালু পৌরসভা, কাহালু, বগুড়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া।
৭। উপজেলা--------------------------------------------কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৮। চেয়ারম্যান-------------------------------ইউপি (সকল), কাহালু, বগুড়া।
৯। জনাব-------------------------------------------------,কাহালু, বগুড়া।

১৩/০৭/২৩

(মোছাঃ মেরিনা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া।
ও
মুখ্য নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
টেলিফোন # ০২-৫৮৮৮৭৭০৪৬
ই-মেইল ঃ unokahaloo@mopa.gov.bd